

সার্কুলার নং-০৯

সূত্র : সানলাইফ/প্রঃকাঃ/উঃ প্রঃ/০০৩৫/২০২৬

১৫ মার্চ ২০২৬

বিষয়ঃ মিথ্যা বিভ্রান্তমূলক তথ্য প্রদান এবং চাকরির প্রলোভন দেখিয়ে মাঠ পর্যায়ে নিয়োগের প্রতারণা প্রসঙ্গে।

সানলাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড-এর মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট সকল সংগঠন, উপ-সংগঠন এবং কর্মকর্তা ও কর্মীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি মাঠ পর্যায়ের কতিপয় উন্নয়ন কর্মকর্তা অনৈতিকভাবে মিথ্যা ও বিভ্রান্তমূলক তথ্য প্রদানসহ নির্ধারিত বেতনে (Fixed salary) চাকরির প্রলোভন দেখিয়ে মাঠ পর্যায়ে কর্মী নিয়োগের প্রচেষ্টা চালায়-যা কর্তৃপক্ষের নজরে আসার সাথে সাথে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বীমা আইন, ২০১০ এর ধারা ১৩৩ এর বিধান মোতাবেক উক্ত প্রতারণামূলক কার্যক্রম একটি শাস্তিযোগ্য অপরাধ।

সানলাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেডে এধরণের প্রতারণামূলক কার্যক্রম যেন পুনরাবৃত্তি না ঘটে সেজন্য মাঠ পর্যায়ের সর্বস্তরের সকল কর্মী/কর্মকর্তাদেরকে সতর্ক থাকার জন্য বলা হলো।

কোম্পানী এবং বীমা গ্রাহকদের স্বার্থে বিষয়টি অতিব জরুরি এবং সংবেদনশীল বিধায় ভবিষ্যতে যদি এ ধরণের প্রতারণা এবং অনৈতিক কার্যক্রমের কোন অভিযোগ আসলে তা সংশ্লিষ্ট সংগঠন প্রধানসহ জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য হবে।

অত্র সার্কুলারের বিষয়টি মাঠ পর্যায়ের সংগঠনের সকল স্তরের কর্মী/কর্মকর্তাদেরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



পিপলু বিশ্বাস

মুখ্য নির্বাহী কর্মকর্তা

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণঃ-

- ১। সকল ক্লাস্টার হেড।
- ২। সকল বিভাগীয় প্রধান।
- ৩। অফিস কপি।